লেন্স এশিয়া

১১ ফেব্রুয়ারি, ২০২৬

# আজ সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন সিইসি




ছবি: সংগৃহীত

জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে আজ সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। নির্বাচন কমিশন মঙ্গলবার এক বার্তায় এ তথ্য নিশ্চিত করেছে।

ইসি সূত্রে জানা গেছে, ভাষণটি আগেই ধারণ করা হয়েছে। বুধবার সন্ধ্যায় বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার এবং দেশের বেসরকারি টেলিভিশন ও রেডিও চ্যানেলগুলোতে একযোগে তা প্রচার হবে।

ভাষণে নির্বাচনের সার্বিক প্রস্তুতি সম্পর্কে দেশবাসীকে অবহিত করার পাশাপাশি ভোটারদের নির্ভয়ে ভোটকেন্দ্রে গিয়ে ভোটাধিকার প্রয়োগের আহ্বান জানাতে পারেন সিইসি। নির্বাচনি সামগ্রী বিতরণ, ৪২ হাজার ৬৫৯টি ভোটকেন্দ্রের নিরাপত্তা এবং আইনশৃঙ্খলা বাহিনীর ব্যাপক মোতায়েনের বিষয়ও উঠে আসতে পারে।

এ ছাড়া সিসি ক্যামেরা ও ড্রোন নজরদারির মাধ্যমে সুষ্ঠু পরিবেশ নিশ্চিতের পদক্ষেপ এবং একটি অবাধ, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচন আয়োজনের অঙ্গীকার পুনর্ব্যক্ত করার সম্ভাবনা রয়েছে।

উল্লেখ্য, গত বছরের ১১ ডিসেম্বর জাতির উদ্দেশে দেওয়া ভাষণে সিইসি জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করেছিলেন।

LENS ASIA